



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তা-০৮/০২/২০২২খ্রি:

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)'র পৃথক অভিযানে ২ কেজি ৫০০ গ্রাম গাঁজা উদ্ধারসহ
০৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার



অদ্য ০৮/০২/২০২২ খ্রি. রাতে গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)'র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় পৃথক ০২ টি অভিযান পরিচালনা করে ২ কেজি ৫০০ গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ ০৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

ঘটনা-১ : গোপন সংবাদের ভিত্তিতে রাত্রি ০২.১৫ ঘটিকায় গোয়েন্দা বিভাগ ডিবির পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) আই. এইচ. লাকু সরকার এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোত্তালী থানাধীন ১৯নং ওয়ার্ডস্থ বাংলাদেশ ব্যাংক মোড়ে সিঙ্গার শো-রুমের সামনে অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ০১ (এক) কেজি ৫০০ (পাঁচশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী ০১। মোঃ রাবিউল ইসলাম (২৪), পিতা- মোঃ আফছার আলী, মাতা- মোছাঃ রমিছা বেগম, সাং- মৌজা সাখাতি এবং ০২। মোঃ মামুন আলী (২০), পিতা-মোঃ আব্দুস সালাম, মাতা- মোছাঃ গোলাপী খাতুন, সাং- কৈটারী, উভয় ইউপি- ২নং মদাতি, থানা- কালীগঞ্জ, জেলা- লালমনিরহাট-কে গ্রেফতার করা হয়।

ঘটনা- ২ : গোপন সংবাদের ভিত্তিতে রাত্রি ০৪.২০ ঘটিকায় গোয়েন্দা বিভাগ ডিবির পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) আই. এইচ. লাকু সরকার এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর মাহিগঞ্জ থানাধীন সাতমাথা বাজারে অভিযান পরিচালনা করে ০১ (এক) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আইনের সহিত সংঘাতে জড়িত শিশু ০১। মোঃ আশরাফুল ইসলাম (১৫), পিতা- মোঃ আয়নাল হক, মাতা-মোছাঃ হাছনা বেগম, সাং- বাগ ভান্ডার, থানা- ভুরুঙ্গামারী, জেলা-কুড়িগ্রাম-কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি, কোত্তালী ও মাহিগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০২ টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারণ-

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৮.০২.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১